

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

প্রতিবন্ধীদের ভাতা প্রদান
শেখ হাসিনারই অবদান

স্মারক: ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৯.২২. ৫৭৭

তারিখঃ ০২ শ্রাবণ ১৪৩০
২৬ জুলাই ২০২৩

বিষয়: ২০২৩-২৪ অর্থ বছরে Disability Information System (DIS) এ অন্তর্ভুক্ত প্রতিবন্ধী ব্যক্তিদের মোবাইল হিসাব খোলা প্রসঙ্গে।


সূত্রঃ ৪১.০০.০০০০.০৪৩.০২.০০৫.১৭ (অংশ-৩)-৩১৪ তারিখঃ ০৭ মে ২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২৪ অর্থবছরে অতিরিক্ত ৫,৩৫,০০০ (পাঁচ লক্ষ পঁয়ত্রিশ হাজার) জন প্রতিবন্ধী ব্যক্তিকে ভাতার আওতায় অন্তর্ভুক্ত করা হবে। Disability Information System (DIS) পরিচয়পত্রধারী যারা এখনও প্রতিবন্ধী ভাতা/প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচির অন্তর্ভুক্ত হননি, তাদেরকে সংশ্লিষ্ট এলাকায় Mobile Financial Service (MFS)/এজেন্ট ব্যাংকিং এ হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, আগামী ১ আগস্ট ২০২৩ হতে Disability Information System (DIS) এ অন্তর্ভুক্ত নতুন প্রতিবন্ধী ব্যক্তিদের ভাতা প্রদানের জন্য নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন গ্রহণ শুরু করা হবে। অনলাইন আবেদনের সময় Mobile Financial Service (MFS)/এজেন্ট ব্যাংকে হিসাব নম্বরটি আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

সংযুক্তি: সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২৯তম সভার কার্যবিবরণী ও (তিন) পাতা।

উপপরিচালক,
জেলা সমাজসেবা কার্যালয়, (সকল)।


২৬/০৭/২০২৩
(ড. মোঃ মোকতার হোসেন)
উপসচিব
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।
☎ ৪৪৮২৬৮০১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
২. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, (সকল)।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল).....।
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল).....।
৫. উপজেলা/শহর সমাজসেবা অফিসার, সমাজসেবা কার্যালয় (সকল)।